# নির্বাচনের আগে রাজনৈতিক লেবাস বদল হতে পারে: সালাহউদ্দিন আহমেদ



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছেন, বিএনপি ইসলামের নীতিতে বিশ্বাসী হলেও রাজনৈতিক স্বার্থে ইসলামকে ব্যবহার করে না। তিনি নির্বাচনের আগে কিছু দল তাদের রাজনৈতিক চেহারা পরিবর্তনের সম্ভাবনা রয়েছে বলে মন্তব্য করেছেন।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) চট্টগ্রামের পটিয়ার আল জামেয়াতুল আরবিয়াতুল ইসলামিয়া জিরি মাদরাসা পরিদর্শনকালে সালাহউদ্দিন আহমেদ বলেন, কোনো দলের নাম বা লোগোতে ইসলাম থাকলেও তারা ইসলামের অধিকারী হয় না। নির্বাচনের আগে কিছু দল সম্ভবত তাদের রাজনৈতিক লেবাস পরিবর্তন করবে।

তিনি বলেন, “দেশে দীর্ঘদিন ইসলামবিরোধী সরকার ছিল। বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান সংবিধানে ধর্মীয় মূল্যবোধ সংযুক্ত করেছিলেন, যা আওয়ামী লীগ সংবিধান থেকে সরিয়ে দিয়েছে। আমরা তা পুনঃস্থাপন করব ইনশাল্লাহ।”

সালাহউদ্দিন আহমেদ আরও যোগ করেন, রাজনৈতিক ক্ষমতার জন্য ইসলামের ব্যবহার বন্ধ করতে হবে। পাশাপাশি তিনি দেশের সকল ধর্ম-বর্ণের নাগরিকদের সঙ্গে ঐক্যবদ্ধ হয়ে আগামীর বাংলাদেশ গড়ার আহ্বান জানান।

LENS ASIA